

জনাব শাহ মোঃ কামরুল হুদা এর জন্ম ০১ জানুয়ারি ১৯৮১ সালে শেরপুর জেলায়। তাঁর পিতার নাম শাহ মোঃ শামসুল হুদা ও মাতার নাম সুলতানা আরজুমান্দ লায়লা। তিনি শেরপুর সরকারী ভিক্টোরিয়া একাডেমী হতে এস.এস.সি এবং শেরপুর সরকারী কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের বন্যপ্রাণিতত্ত্বে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

তিনি ১৩/১১/২০০৮ তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয় রাজশাহীতে সহকারী কমিশনার হিসাবে কার্যালয় (বিসিএস প্রশাসন ২৭ তম ব্যাচ) চাকরী জীবন শুরু করেন। চাকরী জীবনে তিনি সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), নির্বাহী ম্যাজিস্ট্রেট (রাজউক, ঢাকা), ও উপজেলা নির্বাহী অফিসার (নেলছিটি, ঝালকাঠি, ও পাথরঘাটা, বরগুনা) হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি গত ২৪/১০/২০১৭ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

সরকারি দায়িত্ব পালনের অংশ হিসাবে তিনি মালয়েশিয়া সিংগাপুর, ভারত সৌদি আরব ও আস্ট্রেলিয়া ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি ০১ (এক) পুত্র ও ০১ (এক) কন্যা সন্তানের জনক।

তিনি বিভিন্ন মন্ত্রণালয় বিভাগ এবং মাঠ প্রশাসনে দায়িত্ব পালন করেছেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনাতে কর্মরত ছিলেন। বিগত ২৪/১০/২০১৭ তারিখ হতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত আছেন।